দৈনিক ইনকিলাব

তারিখ 14 AUG 1987
পৃষ্ঠা ... ২ কলাম ৮ ...

9

# ৩০ হাজার বেসরকারী শিক্ষককে প্রশিক্ষণ দেয়ার কর্মসূচী

সরকার ১৯৯০ সালের মধ্যে ৩০ হাজার বেসরকারী মাধ্যমিক শিক্ষককে বিজ্ঞান শিক্ষা প্রদানের আধুনিক পদ্ধতির উপর প্রশিক্ষণ দেয়ার এক পরিকল্পনা গ্রহণ করেছে। এ সময় আরও দু'হাজার শিক্ষা বিষয়ক প্রশাসক, পরিদর্শক ও তত্ত্বাবধায়ককে ও বিজ্ঞান শিক্ষা প্রদানের উপর প্রশিক্ষণ দেয়া হবে। এক সরকারী তথ্য বিবরণীর বরাতে বাসস, গতকাল একথা জানিয়েছে।

নতুন বিজ্ঞান পাঠ্য পুস্তক, শিক্ষক নিদেরশনা এবং নতুন পাঠ্যসূচীর বিভিন্ন দিক সংক্রান্ত ব্যবহারিক কর্মকাণ্ডের উপর ২ সপ্তাহব্যাপী এক প্রশিক্ষণ কোর্স চালু হয়েছে। দেশের দশটি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় এ কোর্সের আয়োজন করেছে। ১৯৮৫-৮৭ সালে মোট ১৩৮০ জন শিক্ষককে এ প্রশিক্ষণ দেয়া হয়েছে। সূত্রে বলা হয়েছে, ১৯৮৭-৮৮ সালে ৭,২০০ জন, ১৯৮৮-৮৯ সালে ১১,৫০০ জন এবং ১৯৮৯-৯০ সালে ১২,১৬১ জনকে প্রশিক্ষণ দেয়া হবে।

এ প্রশিক্ষণ কোর্সের প্রধান সমন্বয়কারী বাসসকে জানান, ১২০ জন শিক্ষক নিয়ে ১৯৮৭-৮৮ সালের প্রথম প্রশিক্ষণ কোর্স গতকাল ঢাকাস্ত শিক্ষা প্রশিক্ষণ মহাবিদযালয়ে শুরু হয়েছে।